

আনন্দবাজার পত্রিকা

## বিরোধিতা ছাড়াই পাশ পরিশেষা বিল

নিজস্ব সংবাদদাতা • কলকাতা

রাজ্যের মানুষকে নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশেষা দিতে এবং সরকারী কর্মচারীদের মধ্যে কর্মসংস্কৃতি ফেরানোর দাওয়াই হিসাবে সোমবার বিধানসভায় পাশ হয়ে গেল জনপরিশেষা অধিকার বিল। আলোচনায় সিপিএম বিধায়ক আব্দুর রেজাক মোল্লা বলেন, “আসি যাই, মাইনে পাই, কাজ করলে উপরি চাই! সরকারি কর্মীদের এই ধারণা পাল্টাতে হবে।” সরকার ও বিরোধী, উভয় পক্ষের বিধায়কদেরই দাবি, আইনটি ভাল কিন্তু তাকে ঠিক ভাবে কার্যকর করতে হবে।